



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থী এবং তাদের অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির যে সকল শিক্ষার্থী বিষয়/শাখা সংশোধন/পরিবর্তনের জন্য আবেদন করেছে তাদের অনেকের আবেদন সোনালী সেবার মাধ্যমে ফি প্রদান না করার ফলে অনিষ্পন্ন অবস্থায় আছে। ফি জমা প্রদান না করলে আবেদনে উল্লিখিত পরিবর্ত সম্পন্ন হবে না। এর ফলে উদ্ধৃত কোন জটিলতার দায় সংশ্লিষ্ট শিক্ষার্থী এবং কলেজ কর্তৃপক্ষের উপর বর্তাবে।

অনলাইনে কলেজ প্যানেল (institute.jessoreboard.gov.bd) থেকে “Group & Subject Change” মেনুর All Application অপশনে প্রতিষ্ঠানের সকল আবেদন এবং তার বর্তমান অবস্থা দেখা যাবে। যে সকল আবেদন এখনও নিষ্পত্তি হয়নি সেগুলি ১০/০৬/২০১৯ তারিখের মধ্যে নিষ্পত্তি করতে বলা হলো। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দিলে বোর্ড কর্তৃক আবেদন অনুমোদন করার পর কলেজ প্যানেল থেকে অনুমোদন পত্র প্রিন্ট করে শিক্ষার্থীকে তার কপি দিতে হবে এবং নথিতে একটি কপি সংরক্ষণ করতে হবে।

২৬/০৫/২০১৯

(কে এম রব্বানী)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

ফোন: ০৪২১-৮৬৩৮৬

e-mail: ic@jessoreboard.gov.bd

২৬/৫/১৯